গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.cabinet.gov.bd

নম্বর: ০৪.০০.০০০০.৪১১.১১.০০১.১৭.৩০৩

তারিখ: ২৯ চৈত্র ১৪২৩ / ১২ এপ্রিল ২০১৭

নিয়োগ বিজ্ঞপ্তি

মন্ত্রিপরিষদ বিভাগের নিম্নোক্ত পদসমূহে সরাসরি নিয়োগের জন্য পদের পার্শ্বে বর্ণিত শর্তে প্রকৃত বাংলাদেশি নাগরিকদের নিকট থেকে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে:

ক্রম	পদের নাম ও বেতনস্কেল (জাতীয় বেতনস্কেল, ২০১৫ অনুযায়ী)	বয়স	পদের সংখ্যা	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা	সাধারণ জেলা কোটায় যে সকল জেলার প্রার্থীদের আবেদন করার প্রয়োজন নেই
১.	সাঁট-মুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর (মুক্তিযোদ্ধা কোটা) ১১০০০-২৬৫৯০/-	মুক্তিযোদ্ধা/শহিদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যাদের ক্ষেত্রে বয়সসীমা ১৮-৩২ বছর। তবে, মুক্তিযোদ্ধা/শহিদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যাদের পুত্র-কন্যা হলে বয়সসীমা ১৮-৩০ বছর।	০৫ (পাঁচ)	ক) স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে স্নাতক বা সমমানের ডিগ্রি পরীক্ষায় উত্তীর্ণ; খ) সাঁটলিপিতে সর্বনিম্ন গতি প্রতি মিনিটে ইংরেজিতে ৭০ শব্দ এবং বাংলায় ৪৫ শব্দ; গ) কম্পিউটার টাইপিং-এ সর্বনিম্ন গতি প্রতি মিনিটে ইংরেজিতে ৩০ শব্দ ও বাংলায় ২৫ শব্দ; ঘ) কম্পিউটার প্রশিক্ষণপ্রাপ্ত; এবং ঙ) কম্পিউটারে word processing সহ ই-মেইল, ফ্যাক্স পরিচালনার দক্ষতা ও অভিজ্ঞতা থাকতে হবে।	নারায়ণগঞ্জ, নরসিংদী, গোপালগঞ্জ, মাদারীপুর, শরিয়তপুর, শেরপুর, নেত্রকোনা, টাঙ্গাইল, সুনামগঞ্জ, নাটোর, নীলফামারী, গাইবান্ধা, লালমনিরহাট, সিরাজগঞ্জ, মেহেরপুর, পটুয়াখালী ও বরগুনা। তবে, মুক্তিযোদ্ধা/ শহিদ মুক্তিযোদ্ধার পুত্র/ কন্যা ও পুত্র/কন্যার পুত্র/ কন্যা এবং এতিম ও শারীরিক প্রতিবন্ধী কোটায় সকল জেলার প্রার্থী আবেদন করতে পারবেন।
২.	সাঁট-মুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর ১১০০০-২৬৫৯০/-	১৮-৩০ বছর। তবে, বিভাগীয় প্রার্থীর ক্ষেত্রে বয়সসীমা ৩৫ বছর পর্যন্ত শিথিলযোগ্য।	০৩ (তিন)		
৩.	কম্পিউটার অপারেটর ১১০০০-২৬৫৯০/-	১৮-৩০ বছর।	০২ (দুই)	ক) স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে স্নাতক বা সমমানের ডিগ্রী (বিজ্ঞান বিভাগ অগ্রাধিকার)। বিভাগীয় ডাটা এন্ট্রি/কন্ট্রোল অপারেটর হিসাবে ২ বছর চাকরির ক্ষেত্রে শর্ত শিথিলযোগ্য। খ) কম্পিউটার অপারেটর Aptitude টেস্টে উত্তীর্ণ হতে হবে।	
৪.	অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক ৯৩০০-২২৪৯০/-	১৮-৩০ বছর। তবে, বিভাগীয় প্রার্থীর ক্ষেত্রে বয়সসীমা ৩৫ বছর পর্যন্ত শিথিলযোগ্য।	০৫ (পাঁচ)	ক) স্বীকৃত বোর্ড থেকে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট (এইচ.এস.সি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ খ) কম্পিউটার প্রশিক্ষণপ্রাপ্ত গ) মুদ্রাক্ষরে সর্বনিম্ন গতি প্রতি মিনিটে ইংরেজি-২০ শব্দ, বাংলা-২০ শব্দ।	
৫.	অফিস সহায়ক ৮২৫০-২০০১০/-	১৮-৩০ বছর।	১৩ (তের)	মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এস.এস.সি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।	মুন্সিগঞ্জ, ফরিদপুর, গোপালগঞ্জ, শেরপুর, কিশোরগঞ্জ, নেত্রকোনা, চট্টগ্রাম, রাঙ্গামাটি, নোয়াখালী, ফেনী, লক্ষ্মীপুর, চাঁপাইনবাবগঞ্জ, নাটোর, ঠাকুরগাঁও, লালমনিরহাট, বগুড়া, জয়পুরহাট, পাবনা, ঝিনাইদহ, কুষ্টিয়া, চুয়াডাঙ্গা, ভোলা, ঝালকাঠি, পটুয়াখালী ও বরগুনা। তবে, মুক্তিযোদ্ধা/ শহিদ মুক্তিযোদ্ধার পুত্র/ কন্যা ও পুত্র/কন্যার পুত্র/ কন্যা এবং এতিম ও শারীরিক প্রতিবন্ধী কোটায় সকল জেলার প্রার্থী আবেদন করতে পারবেন।

নিম্নবর্ণিত শর্তাবলি আবেদন ফরম পুরণ এবং পরীক্ষায় অংশগ্রহণের ক্ষেত্রে অবশ্যই অনুসরণ করতে হবে:

১। ০১ এপ্রিল ২০১৭ খ্রি. তারিখে সাধারণ প্রার্থী, উপজাতি এবং মুক্তিযোদ্ধা/শহিদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যাদের পুত্র-কন্যার ক্ষেত্রে বয়সসীমা ১৮-৩০ বছর। বিভাগীয় প্রার্থীর ক্ষেত্রে বয়সসীমা ৩৫ বছর পর্যন্ত শিথিলযোগ্য। তবে, মুক্তিযোদ্ধা/শহিদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা এবং শারীরিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে বয়সসীমা ১৮-৩২ বছর।

২। সরকারি, আধা-সরকারি ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে কর্মরত প্রার্থীকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনুমতিক্রমে আবেদন করতে হবে।

৩। সকল প্রার্থীকে অনলাইনে http://cabinet.teletalk.com.bd ওয়েবসাইটের মাধ্যমে আগামী ০৭ মে ২০১৭ তারিখ সন্ধ্যা ৬.০০ টার মধ্যে আবেদন করতে হবে। উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে এসএমএস-এর মাধ্যমে পরীক্ষার ফি জমা দিতে পারবেন। টাকা জমা না দেয়া পর্যন্ত Online আবেদনপত্র গৃহীত হবে না। একবার এসএমএস করে আবেদন ফি জমা দিলে তা প্রত্যাহার করা যাবে না।

৪। ১-৪ নম্বর ক্রমিকের পদের জন্য ১০০ (একশত) টাকা এবং ৫ নম্বর ক্রমিকে বর্ণিত পদের জন্য ৫০ (পঞ্চাশ) টাকা জমা দিতে হবে। বিস্তারিত নিয়মাবলিসহ বিজ্ঞপ্তি http://cabinet.teletalk.com.bd এবং http://cabinet.gov.bd -তে পাওয়া যাবে।

৫। সকল পদের জন্য লিখিত ও মৌখিক পরীক্ষা গ্রহণ করা হবে। ১ হতে ৪ নম্বর ক্রমিকে বর্ণিত পদের জন্য লিখিত ও ব্যবহারিক পরীক্ষায় উত্তীর্ণ এবং ৫ নম্বর ক্রমিকে বর্ণিত পদের জন্য লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীরাই মৌখিক পরীক্ষার জন্য যোগ্য বিবেচিত হবেন।

৬। মৌখিক পরীক্ষার সময় সকল সনদপত্রের মূল কপি প্রদর্শন করতে হবে এবং পূরণকৃত Application Form সহ সকল সনদপত্রের সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে। এছাড়া, জেলার স্থায়ী বাসিন্দার প্রমাণপত্র হিসাবে ইউনিয়ন পরিষদ/পৌরসভা/সিটি কর্পোরেশন কর্তৃক প্রদত্ত সনদ এবং আবেদনকারী মুক্তিযোদ্ধা/শহিদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র-কন্যা হলে সে মর্মে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর/পৌরসভার মেয়র/পৌরসভার কাউন্সিলর কর্তৃক প্রদত্ত সনদের সত্যায়িত ফটোকপি এবং চাকরিরত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের অনুমতিপত্র দাখিল করতে হবে।

৭। লিখিত, মৌখিক ও ব্যবহারিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোনো প্রকার টি.এ./ডি.এ. প্রদান করা হবে না।

৮। যে কোন তথ্য ও কারিগরি সহযোগিতার জন্য Teletalk Customer Care-এ যোগাযোগ অথবা Teletalk মোবাইল থেকে 121 এ ফোন করা যেতে পারে।

৯। ক্রমিক ১,২,৪ এবং ৫ এর ক্ষেত্রে "বাংলাদেশ সচিবালয় (ক্যাডার বহির্ভূত গেজেটেড কর্মকর্তা এবং নন-গেজেটেড কর্মচারী) নিয়োগ বিধিমালা, ২০১৪" এবং ক্রমিক ৩ এর ক্ষেত্রে "The Computer Personnel (Government Organisations) Recruitment Rules, 1985" এর বিধি অনুসরণ করা হবে এবং পরবর্তীতে সংশ্লিষ্ট বিধি-বিধানে কোনো সংশোধন হলে তা অনুসরণ করা হবে।

১০। কর্তৃপক্ষ পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি ও বিজ্ঞপ্তি বাতিল করার অধিকার সংরক্ষণ করেন। নিয়োগ সংক্রান্ত বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

(মোঃ সাইদুর রহমান)
যুগ্মসচিব (প্রশাসন)
ও
সভাপতি
বিভাগীয় নির্বাচন কমিটি
মন্ত্রিপরিষদ বিভাগ